**AKASHVANI(AIR)**

**RNU: KOLKATA** **Bengali Text Bulletin**

**Date 23-03-2026** **Time: 1.30 PM**

**বিশেষ বিশেষ খবর –**

১/ অসম, কেরালাম এবং পুডুচেরির বিধানসভা নির্বাচনের জন্য মনোনয়ন পত্র দাখিলের সময়সীমা আজ বিকালে শেষ হচ্ছে।

২/ কেন্দ্রীয় অর্থ ও কর্পোরেট বিষয়ক মন্ত্রী নির্মলা সীতারামন আজ লোকসভায় 'কর্পোরেট আইন (সংশোধনী) বিল, ২০২৬' পেশ করেছেন। বিশদ পর্যালোচনার জন্য বিলটি যৌথ সংসদীয় কমিটির কাছে পাঠানো হয়েছে।

৩/ দেশে পরিবেশবান্ধব গণপরিবহণ ব্যবস্থাকে শক্তিশালী করার লক্ষ্যে আগামী বছরের মধ্যে আরও ১০ হাজার ই-বাস চালানো হবে বলে কেন্দ্রীয় গৃহ ও নগর উন্নয়ন মন্ত্রী মনোহর লাল, রাজ্যসভায় জানিয়েছেন।

৪/ মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের হুঁশিয়ারির পরই ইরানের টারবাইন বিদ্যুৎ কেন্দ্র ধ্বংসের খবর নিশ্চিত করেছে মার্কিন সেনা।

৫/ জাতীয় প্যারা অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপে অরুণাচলের কিপা মেরো মহিলাদের জ্যাভলিন থ্রোয়ে সোনা জিতেছেন।

---

অসম, কেরালাম এবং পুডুচেরির বিধানসভা নির্বাচনের জন্য মনোনয়ন পত্র দাখিলের দিন আজ বিকালে শেষ হচ্ছে। তিন রাজ্যেই মনোনয়ন পত্র জমা দেওয়ার কাজ শেষ হবে বিকাল ৩টেয়। ১৪০ আসন বিশিষ্ট কেরালাম বিধানসভায় এখনও পর্যন্ত ৩৪১ জন মনোনয়ন দাখিল করেছেন। অন্যদিকে অসমে আজ বিজেপি ও বিরোধী দলের বিভিন্ন তারকা প্রার্থীরা আজ তাদের মনোনয়ন পত্র দাখিল করবেন। মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা জালুকবাড়ি থেকে প্রার্থীপদ দাখিল করেছেন। এ পর্যন্ত ২১৯ টি মনোনয়ন জমা পড়েছে। অন্যদিকে কেন্দ্র শাসিত অঞ্চল পুডুচেরিতেও প্রার্থীপদ দাখিলের সময়সীমা আজই শেষ হচ্ছে। ১০টি আসনেই বিজেপি প্রার্থীরা মনোনয়ন দাখিল করেছেন। বিজেপি সহযোগী এ আই ডি এম কে ২ টি আসনে প্রারথী দিয়েছে। অভিনেতা বিজয়ের দল টি ভি কে পুদুচেরীতে স্বাধীন ভাবে ৩০টি আসনে প্রার্থী দিয়েছে। আগামীকাল মনোনয়ন পত্রগুলি পরীক্ষা করে দেখা হবে, ২৬ মার্চ মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিন।

অন্যদিকে তামিলনাড়ুতে আগামী ২৩ এপ্রিল এক দফায় এবং পশ্চিমবঙ্গে ২৩ ও ২৯ এপ্রিল দু দফায় বিধানসভা নির্বাচনের জন্য ভোটগ্রহণ করা হবে। ৩০মার্চ তামিলনাড়ু এবং পশ্চিমবঙ্গের প্রথম দফার জন্য ভোট গ্রহণের বিজ্ঞপ্তি জারি করা হবে। চারটি রাজ্য এবং একটি কেন্দ্র শাসিত অঞ্চলে ভোট গণনা হবে চৌঠা মে। ১২৬ সদস্য বিশিষ্ট অসম বিধানসভার কার্যকালের মেয়াদ শেষ হবে ২০মে। ১৪০ আসনের কেরালাম বিধানসভার কার্যকাল শেষ হবে ২৩ মে, ৩০ আসনের পুডুচেরি বিধানসভার কার্যকাল ১৫ই জুন এবং ২৩৪ আসনের তামিলনাড়ু বিধানসভার কার্যকাল ১০ মে শেষ হবে। অন্যদিকে ৭ মে ২৯৪ আসনের পশ্চিমবঙ্গ বিধানসভার কার্যকাল শেষ হবে।

---

আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি পর্যালোচনা করতে নির্বাচন কমিশন আজ আরেক দফায় পশ্চিমবঙ্গের সব জেলা নির্বাচনী আধিকারিক, পুলিশ কমিশনার ও পুলিশ সুপারদের সঙ্গে বৈঠক করবে। ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিকেল চারটেয় এই বৈঠক হওয়ার

কথা। সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার মনীশ গর্গের পৌরহিত্যে আয়োজিত ওই বৈঠকে সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী, পবন কুমার শর্মা ছাড়াও রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল উপস্থিত থাকবেন। পর্যালোচনা বৈঠকের পর সমস্ত জেলা নির্বাচনী আধিকারিক, পুলিশ কমিশনার ও পুলিশ সুপারদের নিয়ে একটি ট্রেনিং সেশন শুরু হবে বলে নির্বাচন কমিশন সূত্রের খবর।

কেরালায় আসন্ন বিধানসভা ভোটগ্রহণের প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশন আজ সব জেলা নির্বাচনী আধিকারিক, পুলিশ কমিশনার, পুলিশ সুপারদের সঙ্গে বৈঠকে বসবে। কমিশন সূত্রের খবর এরপরই প্রশাসনিক এবং পুলিশ আধিকারিকদের প্রশিক্ষণ পর্ব শুরু হবে।

---------------------------------------

আসন্ন বিধানসভা নির্বাচনে জাতীয় ও রাজ্যস্তরে স্বীকৃত দলগুলিকে দূরদর্শন ও আকাশবাণীতে বিনামূল্যে সম্প্রচারের জন্য ডিজিটাল ভাউচার বরাদ্দ করা হয়েছে।

নির্বাচন কমিশনের নির্দেশ অনুযায়ী, জনপ্রতিনিধিত্ব আইন, ১৯৫১-এর ৩৯এ ধারার অধীনে ভোটমুখী চার রাজ্য—পশ্চিমবঙ্গ, তামিলনাড়ু, কেরালা, অসম এবং কেন্দ্রশাসিত অঞ্চল পুদুচেরির স্বীকৃত রাজনৈতিক দলগুলি এই সুবিধা পাবে। প্রতিটি দলকে আকাশবাণী ও দূরদর্শনে ৪৫ মিনিট করে প্রাথমিক সম্প্রচারের সময় বরাদ্দ করা হয়েছে। সংশ্লিষ্ট রাজ্যের আঞ্চলিক নেটওয়ার্কে এই সম্প্রচার হবে। পূর্ববর্তী নির্বাচনে দলের পারফরম্যান্সের ভিত্তিতে অতিরিক্ত সময়ও বরাদ্দ করা হতে পারে।

ভোটের প্রতিটি দফায় প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশের পর থেকে ভোটের দু'দিন আগে পর্যন্ত এই সম্প্রচার চলবে। কোন দল কখন সম্প্রচারের সুযোগ পাবে, তা লটারির মাধ্যমে নির্ধারণ করা হবে বলে কমিশন জানিয়েছে। এছাড়া দলগুলিকে আগাম তাদের বক্তব্যের স্ক্রিপ্ট ও রেকর্ডিং জমা দিতে হবে এবং তা নির্ধারিত নির্দেশিকা মেনে তৈরি করতে হবে।

কমিশন আরও জানিয়েছে, দলীয় প্রচারের পাশাপাশি দূরদর্শন ও আকাশবাণীতে বিশেষ আলোচনাসভা ও বিতর্কের আয়োজন করা হবে, যেখানে প্রতিটি দল একজন করে প্রতিনিধি পাঠাতে পারবে।

---------------------------------------

লোকসভায় আজ কেন্দ্রীয় অর্থ ও কর্পোরেট বিষয়ক মন্ত্রী নির্মলা সীতারামন 'কর্পোরেট আইন (সংশোধনী) বিল, ২০২৬' পেশ করেন। বিশদ পর্যালোচনার জন্য বিলটি যৌথ সংসদীয় কমিটির কাছে পাঠানো হয়েছে। এই বিলে ২০০৮ সালের সীমাবদ্ধ অংশীদারিত্ব আইন এবং ২০১৩ সালের কোম্পানি আইনের সংশোধন করতে চাওয়া হয়েছে।

এর আগে, কংগ্রেস সাংসদ মণীশ তিওয়ারি, তৃণমূল কংগ্রেসের সৌগত রায় এবং ডিএমকে-র ড. টি. সুমতি-সহ বিরোধী দলের সদস্যরা বিল পেশের বিরোধিতা করেন। তাঁরা অভিযোগ করেন, প্রস্তাবিত এই আইনটি কর্পোরেট সংস্থার সামাজিক দায়বদ্ধতা সংক্রান্ত বিধানগুলোকে দুর্বল করবে। জবাবে শ্রীমতী সীতারামন বলেন, প্রস্তাবিত এই সংশোধনীটি কেবল অধিক বিনিয়োগের সুযোগ আনবে না, বরং কর্পোরেটক্ষেত্রে সুশাসন নিশ্চিত করতেও সহায়ক হবে। তিনি বিশেষভাবে উল্লেখ করেন, পূর্ণাঙ্গ আলোচনার জন্য দীর্ঘ দু'বছর সময় পর এই আইনটির প্রস্তাব করা হয়েছে। শিল্প ও বাণিজ্য সংগঠনগুলির প্রতিনিধি, পেশাদার প্রতিষ্ঠান, আইনি ও হিসাবরক্ষণ বিশেষজ্ঞ এবং জনগণের মতামত গ্রহণের পরেই এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

**(Byte - Nirmala Sitharaman)**

---------------------------------------

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন আজ লোকসভায় প্রশ্নোত্তরকালে এক অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানিয়েছেন, জাতীয় বিপর্যয় মোকাবিলার তহবিলের আওতায় কেরালাকে ৩১২ কোটি টাকা মঞ্জুর করা হলেও রাজ্য সরকার তার সদ্ব্যবহার করতে পারে নি। পরবর্তী দফার তহবিল মঞ্জুর করার আগে রাজ্য সরকারকে প্রয়োজনীয় সার্টিফিকেট দিতে হবে।

---------------------------------------

কেন্দ্রীয় গৃহ ও নগর উন্নয়ন মন্ত্রী মনোহর লাল আজ রাজ্যসভার প্রশ্নোত্তর পর্বে বলেন, সারা দেশে পরিবেশ বান্ধব গণপরিবহন ব্যবস্থাকে শক্তিশালী করার লক্ষ্যে "প্রধানমন্ত্রী ই বাস সেবা' কর্মসূচি ইতিমধ্যেই চালু হয়েছে। এই কর্মসূচীর আওয়তায় প্রথম পর্যায়ে গত মাসে ২২৫ টি বিদ্যুৎ চালিত বাস সরবরাহ করা হয়েছে। প্রকল্পের কাজ দ্রুত গতিতে এগোচ্ছে বলে জানান মন্ত্রী। বিভিন্ন রাজ্যের সঙ্গে ইতিমধ্যেই প্রায় সাড়ে ৬ হাজার ই বাস সরবরাহের চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ২০২৭ সালের শেষে প্রথম পর্যায়ের আরো ১০ হাজার ই বাসের কাজ সম্পন্ন করা হবে আশ্বাস দেন মন্ত্রী। একটি নির্দিষ্ট সময়সীমার মধ্যে প্রকল্পের কর্মসূচী শেষ করে সময় ও অর্থ সাশ্রয়ী পরিবহন ব্যবস্থা গড়ে তোলাই লক্ষ্য বলে জানান তিনি।

---------------------------------------

রাজ্যসভায় কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ'র আজ কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনীর সাধারণ প্রশাসন বিল ২০২৬ পেশ করার কথা। এই বিলে, কেন্দ্রীয় পুলিশ আধিকারিকদের নিয়োগের শর্তাবলী ও অন্যান্য নিয়মকানুনের কিছু পরিবর্তন করতে চাওয়া হয়েছে।

---------------------------------------

সংসদে আজ শহীদ দিবস উপলক্ষে বীর স্বাধীনতা সংগ্রামী ও বিপ্লবী ভগত সিং, রাজগুরু ও সুখদেবের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়। লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা বলেন, দেশের স্বাধীনতার জন্য এই বীর সংগ্রামীরা তাদের নবীন বয়সেই আত্মবলিদান করেছিলেন। তাদের সাহসিকতা ও বীরত্বের অমর কাহিনী দেশের যুব সমাজ ও সমগ্র জাতিকে আজও অনুপ্রেরণা জোগায়।

রাজ্যসভার চেয়ারম্যান সি পি রাধাকৃষ্ণাণ বলেন, ১৯৩১ সালের ২৩ শে মার্চ ভগত্ সিং, রাজগুরু এবং সুখদেব শহীদ হয়েছিলেন। তাঁদের স্মরণে দিনটি শহীদ দিবস হিসাবে পালন করা হয়ে থাকে।

---------------------------------------

উপরাষ্ট্রপতি সি. পি. রাধাকৃষ্ণন এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিশিষ্ট সমাজতান্ত্রিক রাজনীতিজ্ঞ ড. রাম মনোহর লোহিয়ার জন্মবার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন।

এক সোশ্যাল মিডিয়া পোস্টে উপরাষ্ট্রপতি বলেন, গণতান্ত্রিক অধিকার, সামাজিক ন্যায়বিচার এবং সুবিধাবঞ্চিতদের ক্ষমতায়ন সুনিশ্চিত করতে বিষয়ে ড. লোহিয়ার চিন্তাধারা দেশের জনজীবনে এক গভীর ও স্থায়ী ছাপ রেখেছে। গণতান্ত্রিক মূল্যবোধকে সুদৃঢ় করতে এবং ন্যায়পরায়ণ ও মানবিক সমাজ গঠনে ড. লোহিয়ার জীবন ও আদর্শ আজও জাতির অনুপ্রেরণা বলে উপরাষ্ট্রপতি উল্লেখ করেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ড. লোহিয়াকে একজন অসাধারণ চিন্তাবিদ এবং সামাজিক ন্যায়বিচারের অন্যতম প্রধান কণ্ঠস্বর হিসেবে অভিহিত করে সামাজিক মাধ্যমের এক পোস্টে বলেছেন - তিনি ছিলেন এক বহুমুখী ব্যক্তিত্ব। ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে জনগণকে সংগঠিত করতে এবং ১৯৪৭-পরবর্তী সময়ে ভারতের অগ্রগতিতে অবদান রাখতে ড. লোহিয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন।

---

কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রী সি. আর. পাটিল জানিয়েছেন, ‘জল জীবন মিশন’-এর আওতায় দেশে ১৬ কোটিরও বেশি বাড়িতে নলবাহিত জলের সুবিধা পৌঁছে দেওয়া হয়েছে। নতুনদিল্লিতে আজ ‘বিশ্ব জল দিবস সম্মেলন ২০২৬’-এর উদ্বোধনী অধিবেশনে ভাষণ দিয়ে মন্ত্রী এ-কথা জানিয়ে বলেন, এই সম্মেলন জল সংরক্ষণ এবং সুস্থায়ী জল ব্যবস্থাপনার বিষয়ে পরামর্শ বিনিময় ও চিন্তাভাবনার পারস্পরিক আদানপ্রদানের একটি মঞ্চ হিসেবে কাজ করবে। শ্রী পাটিল ‘নমামি গঙ্গে মিশন’-এর মতো উদ্যোগগুলোর ভূয়সী প্রশংসা করেন। নদীর জল দূষণমুক্ত করার বিষয়ে সরকারের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন। এর পাশাপাশি, মন্ত্রী, দেশের নাগরিকদের জল সংরক্ষণ করার অভ্যাস গড়ে তোলার আহ্বান জানান।

**(BYTE - CR Patil)**

এই সম্মেলনে নীতিনির্ধারক, শিল্পপতি, শিক্ষাবিদ, স্টার্টআপ ও এম এস এম ই ক্ষেত্রের বিশেষজ্ঞ এবং তরুণ উদ্ভাবকরা সমবেত হয়ে বৃহত্তর পরিসরে গ্রহণযোগ্য প্রযুক্তি-নির্ভর সমাধান দিতে পারেন। এই অনুষ্ঠানে মন্ত্রী ‘জল শক্তি হ্যাকাথন’-এর বিজয়ীদের সংবর্ধনা জানান। অনুষ্ঠানে, জল শক্তি মন্ত্রকের দুই প্রতিমন্ত্রী ভি. সোমান্না ও রাজ ভূষণ চৌধুরী এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকরা উপস্থিত ছিলেন।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, **২৯শে মার্চ রবিবার,** আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩২-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

---

পশ্চিম এশিয়ার সংঘর্ষের আবহে মার্কিন সেনার সম্প্রতি করা বিমান হামলায় ইরানের টারবাইন বিদ্যুত উৎপাদন কেন্দ্র ধ্বংস করা হয়েছে। আমেরিকার কেন্দ্রীয় কমান্ড জানায়, তেহরান এই কেন্দ্রটিকে ড্রোন ও বিমান হামলার জন্য জ্বালানি উৎপাদনকারী টারবাইন ইঞ্জিন তৈরির জন্য ব্যবহার করত। সমাজ মাধ্যমের একটি বার্তায় মার্কিন সেন্টকম ধ্বংসপ্রাপ্ত উৎপাদন কেন্দ্রটির দুটো ছবি শেয়ার করে এই খবরকে নিশ্চিত করেছে।

উল্লেখ্য একদিন আগে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের বিদ্যুত্ কেন্দ্রগুলিকে ধ্বংস করে দেওয়ার হুঁশিয়ারি দিয়েছিলেন।

---

সংযুক্ত আরব আমিরশাহী জানিয়েছে, তাদের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা ইরান থেকে নিক্ষিপ্ত ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা সফলভাবে প্রতিহত করেছে। এ ঘটনার জেরে আজ ভোরের দিকে দেশটির বিভিন্ন প্রান্তে বিস্ফোরণের শব্দ শোনা যায়। মন্ত্রক জানিয়েছে, পরিস্থিতি বর্তমানে সম্পূর্ণ নিয়ন্ত্রণে রয়েছে। প্রয়োজনীয় প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এদিকে আবুধাবির কর্মকর্তারা জানিয়েছেন, ‘আল শাওয়ামেখ’ এলাকায় একটি নিষ্ক্রিয় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের ভাঙা অংশের আঘাতে এক ভারতীয় নাগরিক সামান্য আহত হন; জরুরি

ভিত্তিতে তাঁর চিকিৎসা শুরু হয়েছে। প্রতিবেশী দেশ সৌদি আরবের প্রতিরক্ষা মন্ত্রক জানিয়েছে, তাদের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা একটি ক্ষেপণাস্ত্র ও একটি ড্রোন প্রতিহত করেছে।

---------------------------------------

তাইওয়ানের প্রতিরক্ষা মন্ত্রক আজ তাদের জলসীমার আশেপাশে সাতটি চীনা জলযান এবং তিনটি সরকারি জাহাজের উপস্থিতি শনাক্ত করেছে। সমাজমাধ্যমে এক পোস্টে মন্ত্রক জানিয়েছে, আজ সকালে তাইওয়ান সংলগ্ন অঞ্চলে অবস্থানরত সাতটি জলযান পিপলস লিবারেশন আর্মি নেভির বলে চিহ্নিত করা হয়েছে। তাইওয়ানের সশস্ত্র বাহিনী পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে। এলাকায় যুদ্ধবিমান, নৌ-সেনা ও উপকূলীয় ক্ষেপণাস্ত্র ব্যবস্থা মোতায়েন করা হয়েছে।

---------------------------------------

বাংলাদেশের পেট্রোল পাম্প মালিকরা সতর্ক করে দিয়ে বলেছে, তীব্র জ্বালানী সংকটের কারণে দেশ জুড়ে পেট্রোল পাম্পগুলি যেকোনো বন্ধ হয়ে যেতে পারে। এক বিবৃতিতে সেদেশের পেট্রোল পাম্প মালিক সমিতি জানিয়েছে যে, পরিস্থিতি অত্যন্ত জটিল। প্রয়োজনের তুলনায় তেল কোম্পানীগুলি অনেক কম জ্বালানী সরবরাহ করছে। দেশের সর্বত্রই পেট্রোল ও গ্যাস ভরার দোকানের সামনে লম্বা লাইন, ঢাকার অনেক পেট্রোল পাম্প ইতোমধ্যেই বন্ধ রাখা হয়েছে।

---------------------------------------

স্লোভেনিয়ায় সংসদীয় নির্বাচনে প্রধানমন্ত্রী রবার্ট গোলোবের নেতৃত্বাধীন ক্ষমতাসীন 'ফ্রিডম মুভমেন্ট পার্টি' সামান্য ব্যবধানে জয়লাভ করতে চলেছে। ৯৯ শতাংশ ভোট গণনা শেষে দেখা গেছে, মধ্য-বামপন্থী এই দলটি ২৮ দশমিক ৬ শতাংশ ভোট পেয়েছে। জেনেজ জানসার নেতৃত্বাধীন বিরোধী দল 'স্লোভেনিয়ান ডেমোক্রেটিক পার্টি' ২৮ দশমিক ২ শতাংশ ভোট পেয়েছে। ভোট পড়েছিল প্রায় ৬৮ শতাংশ। তবে জোট শরিকদের সমর্থন পেলেও ক্ষমতাসীন দল একক সংখ্যাগরিষ্ঠতা অর্জন করতে পারবে না।

---------------------------------------

নিউ ইয়র্কে, মন্ট্রিল থেকে আগত এয়ার কানাডা এক্সপ্রেসের একটি CRJ-900 বিমান, অবতরণের সময় রানওয়েতে থাকা দমকলের একটি গাড়িকে ধাক্কা দেওয়ার জেরে লা গার্ডিয়া বিমানবন্দরের কাজকর্ম সাময়িকভাবে বন্ধ রয়েছে। আপৎকালীন ভিত্তিতে জরুরি ব্যবস্থা নেওয়া হয়েছে। বিমান চলাচল সম্পূর্ণ বন্ধ। সংঘর্ষের প্রাক-মুহূর্তে এয়ার ট্রাফিক কন্ট্রোল সতর্ক করলেও কীভাবে এই দুর্ঘটনা ঘটল, সেই নিয়ে তদন্ত চলছে।

---------------------------------------

ওড়িশার ভুবনেশ্বরে আয়জিত জাতীয় প্যারা অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপে মেয়েদের জ্যাভলিন থ্রোয়ে এফ ১২ বিভাগে সোনা জিতেছেন অরুণাচলের কিপা মেরো। তিনি তাঁর জাতীয় রেকর্ড ভেঙে অসাধারণ কৃতিত্ব দেখিয়েছেন। অন্যদিকে মেয়েদের ৪০০ মিটার টি ১৩ বিভাগে রূপো জিতেছেন তেচি মেতা।

--------------------------------------- ---------------------------------------